

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
মুকসুদপুর, গোপালগঞ্জ।

স্মারক নং ০৫.৩০.৩৫৫৮.০০১.১৮.০৫৮.১১- ৭৪৪

তারিখ: ২৫/০৬/২০২৩ খ্রি।

## বিজ্ঞপ্তি

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প, ঢাকা ০৮/০৫/২০২৩ খ্রি তারিখের মুবিম/পিডি/অ.বী.মু.আ.নি.প্র-ম-০২/২০২২/৫৯৮ নং স্মারকের নির্দেশনা মোতাবেক “অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য ২য় পর্যায়ে বীর নিবাস নির্মাণ” শৈর্ষক প্রকল্পের আওতায় আবাসনের জন্য নির্ধারিত আবেদন পত্র গ্রহণের শেষ তারিখ আগামী ৩০ জুন ২০২৩ বিকাল ৮.০০ ঘটিকা। উক্ত তারিখ ও সময়ের পরে কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

(২) প্রাপ্ত আবেদনসমূহ উপজেলা কমিটি কর্তৃক যাচাই-বাছাই করা হবে। পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে যাচাই-বাছাইয়ের তারিখ, সময় ও স্থান জানিয়ে দেয়া হবে।

(৩) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে আবেদন পত্র স্বাক্ষরসহ দাখিল করতে হবে।

(৪) আবেদনকারীকে আবেদন পত্রের সাথে বীর মুক্তিযোদ্ধা/স্ত্রী/সন্তানগণের ওয়ারিশ হিসেবে ছবি, শকল প্রমাণকসমূহ (সমন্বিত তালিকার নম্বরসহ), জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, বীর মুক্তিযোদ্ধার মৃত্যু ও ওয়ারিশ সনদ দাখিল করতে হবে।

(৫) একাধিক স্ত্রী/সন্তানদের ক্ষেত্রে ৩০০/- (তিনিশত) টাকার নল-জুড়িশিয়াল স্ট্যাম্পে ক্ষয়তা অর্গন পত্র, উপযুক্ত ও নিষ্কন্টক জমি সংক্রান্ত পর্চা কমপক্ষে ১,১৩১ বর্গফুট (দৈর্ঘ্য- ৩৯ ফুট, প্রস্থ-২৯ ফুট ) ও আনুষঙ্গিক কাগজপত্র দাখিল করতে হবে।

(৬) যে সকল অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা, শহীদ/প্রায়াত মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তান ইতোগুর্বে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় বা কোন সরকারি দপ্তর/সংস্থা হতে প্লট/ফ্ল্যাট/আবাসন বরাদ্দ পাননি বা আবাসনের জন্য কোন খণ্ড পাননি, তারাই আগোচ্য প্রকল্পের আওতায় আবাসন বরাদ্দ প্রাপ্তির জন্য যোগ্য হবেন এবং আবেদন করতে পারবেন।

(৭) মিথ্যা তথ্য দিয়ে বীর নিবাসের জন্য আবেদন করা হলে ভাতা স্থগিতসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৮) অসম্পূর্ণ, স্বাক্ষরবিহীন ও ত্রুটিপূর্ণ আবেদন স্বাক্ষর বাতিল বলে গণ্য হবে।

(৯) ইতোগুর্বে বাছাই পূর্বক প্রেরিত তালিকায় যাদের নাম আছে, তাদের পুনরায় এবং সচ্ছল বীর মুক্তিযোদ্ধা/পরিবারের সদস্যদের আবেদন দাখিল করার প্রয়োজন নেই।

(১০) আবেদন পত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়/উপজেলা সমাজ সেবা কার্যালয়ে জমা প্রদান করতে হবে।

(১১) অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন বরাদ্দ নীতিমালার ১.২.১ হতে ১.২.৫ খারাসযুক্ত বর্ণিত বীর মুক্তিযোদ্ধা/পরিবার/ওয়ারিশগণ আবাসন বরাদ্দের ক্ষেত্রে অপ্রাধিকার প্রাপ্ত হবেন।

আগামী ২৭/০৬/২০২৩ খ্রি তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত দরখাস্ত ও সংশ্লিষ্ট কাগজপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করা যাবে। নির্ধারিত সময়ের পরে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

২৫/০৬/২০২৩

(এস. এম. ইমাম রাজী টুল)  
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা আবাসন বরাদ্দ কমিটি

মুকসুদপুর, গোপালগঞ্জ।

ফোনঃ ০২৪৭৮৮২২৭২৯

unomaksudpur@mopa.gov.bd

তারিখঃ ১৫/০৬/২০২৩ খ্রি।

স্মারক নং- ০৫.৩০.৩৫৫৮.০০১.১৪.০৫৮.১১- ৫৮

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। গ্রামনীয় সংসদ সদস্য, ২১৫, গোপালগঞ্জ-১।
- ২। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুকসুদপুর, গোপালগঞ্জ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে:

- ১। উপজেলা সমাজ সেবা অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ (প্রাপ্ত আবেদনসমূহ ইউনিয়নওয়ারী আলাদাভাবে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো)।  
২। ..... ও সদস্য, অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা আবাসন বরাদ্দ করিটি, মুকসুদপুর, গোপালগঞ্জ।  
৩। উপজেলা সমাজ সেবা অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ। তাঁকে তাঁর ইউনিয়নে মাইকিং করে বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।  
৪। .....  
৫। নোটিশ বোর্ড।  
৬। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা আবাসন বরাদ্দ করিটি  
মুকসুদপুর, গোপালগঞ্জ।